JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/18/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো হিটিং সংক্রান্ত জরুরি অবস্থার সম্মুখীন নিউ ইয়র্কবাসীর জন্য অতিরিক্ত 15 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

সাম্প্রতিক পোলার ভর্টেক্স পরবর্তী সময়ে এবং চলমান ঠাণ্ডা আবহাওয়ার ফলে সঙ্কটে থাকা পরিবারগুলির সহায়তা করার জন্য হোম এনার্জি সহায়তা প্রোগ্রামের (Home Energy Assistance Program, HEAP) জন্য তহবিল সংযুক্ত করা হল

সকল বাড়ির মালিক ও ভাড়াটিয়ার জন্য আবেদনের সময় এপ্রিলের শেষ পর্যন্ত বর্ধিত করা হল

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে গত এক মাস ধরে চরম আবহাওয়ার ফলে উপযুক্ত নিউ ইয়র্কবাসীদের তাদের বাড়ির হিটিং সচল রাখতে অতিরিক্ত 15 মিলিয়ন মার্কিন ডলার তহবিল ঘোষণা করলেন। 19 ফেব্রুয়ারি, মঙ্গলবার থেকে শুরু হয়ে, যেসব বাড়িতে হিটিং জ্বালানি শেষ হয়ে যাওয়ার বা তাদের ইউটিলিটি সেবা বিচ্ছিন্ন হওয়ার ঝুঁকি রয়েছে তারা হোম এনার্জি সহায়তা প্রোগ্রামের মাধ্যমে দ্বিতীয় জরুরি অবস্থা সুবিধা পাওয়ার জন্য আবেদন করতে পারবে। পাশাপাশি, গভর্নর কুওমো ঘোষণা করলেন যে সাধারণ ও জরুরি উভয় HEAP সুবিধার জন্য আবেদনের সময় 26 এপ্রিল পর্যন্ত বৃদ্ধি করা হবে।

"পরিবারগুলির এমন পরিস্থিতিতে পড়া উচিত নয় যখন তাদেরকে তাদের বাড়ির হিটিং ও খাবার বা ঔষধের মতো অত্যাবশ্যকীয় প্রয়োজনের মধ্যে একটিকে বাছাই করতে হয়", **গভর্নর কুওমো বলেছেন।** "যেহেতু স্টেটের অনেকাংশই এখনো শীতকালের হিমশীতল গ্রাসে রয়েছে, এই অতিরিক্ত তহবিল লভ্য হওয়ার কারণে তা আমাদের সর্বাপেক্ষা দুঃস্থ নিউ ইয়র্কবাসীদের এই মৌসুমে উষ্ণ ও নিরাপদ থাকতে সাহায্য করবে। এই শীতকালে হিটিং বিল পরিশোধ করার জন্য সাহায্য প্রয়োজন এমন সবাইকে আমি সহায়তার জন্য আবেদন করতে উৎসাহিত করছি।"

"এই শীতকালটি বিশেষভাবে কঠিন যাচ্ছে, তাই আমরা হোম এনার্জি সহায়তা প্রোগ্রামের মাধ্যমে আরো তহবিল লভ্য করা নিশ্চিত করতে পদক্ষেপ নিচ্ছি", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেছেন।** "শীতকালীন হিটিং বিল দ্রুত বেড়ে যেতে পারে এবং পরিবারের বাজেটে চাপের সৃষ্টি করতে পারে। বহু নিউ ইয়র্কবাসীর দৈনন্দিন প্রয়োজন মেটানোর জন্য HEAP একটি অত্যাবশ্যকীয় সংস্থান।"

সাধারণভাবে প্রতিটি পরিবার প্রতি শীতকালে একটি নিয়মিত HEAP সুবিধা পাওয়ার উপযুক্ত, এবং শক্তি সংক্রান্ত জরুরি অবস্থায় আরেকটি জরুরি HEAP সুবিধার জন্য উপযুক্ত। মঙ্গলবার থেকে শুরু করে, এই HEAP মৌসুমে ইতিমধ্যে একটি নিয়মিত ও একটি জরুরি সুবিধা পাওয়া পরিবারগুলি অতিরিক্ত সহায়তার জন্য আবেদন করতে পারবে, যদি তারা কোনো ইউটিলিটি বিচ্ছিন্ন হওয়া বা হিটিং জ্বালানি শেষ হয়ে যাওয়া এবং কোনো উপায়েই তা আবার ভরে নিতে না পারার ঝুঁকিতে থাকে।

সাম্প্রতিক সপ্তাহগুলিতে নিউ ইয়র্ক স্টেটের অবিরত ঠাণ্ডা তাপমাত্রা ও তুষারপাতকে গত শীতের সাথে তুলনা করা যায় - যেটি ছিল রেকর্ড অনুযায়ী সব থেকে ঠাণ্ডা শীতকালের একটি। জরুরি HEAP সুবিধার চাহিদা পুরো স্টেটে অনেক বেশি, এই বছর 35,000 এর বেশি পরিবার সহায়তা খুঁজছে।

যদিও শীতকালের শুরুতে তাপমাত্রা মৌসুমের জন্য হালকা ছিল, জানুয়ারিতে একটি পোলার ভর্টেক্স এসে নিউ ইয়র্ককে ডিপ ফ্রিজে পরিণত করে, অনেক এলাকায় তাপমাত্রা শূন্যের নিচে নেমে যায়। পাশাপাশি, একাধিক শীতকালীন ঝড় সিস্টেম পুরো স্টেটে উল্লেখযোগ্য পরিমাণ তুষার জমিয়ে দেয়, যার মধ্যে ছিল একটি লেক-ইফেক্ট ব্যান্ড যা গত মাসের শেষের দিকে বাফেলোতে দৈনিক তুষারপাতের রেকর্ড সৃষ্টি করে।

পরিবার HEAP সুবিধা হিসেবে কত অর্থ পাবে তা নির্ভর করে তাদের আয়, পরিবারের আকার ও তাদের বাড়ি কী পদ্ধতিতে হিটিং হচ্ছে তার উপর। চার সদস্যের একটি পরিবারের বার্ষিক আয় 55,178 মার্কিন ডলার, বা মাসিক 4,598 ডলার হতে পারে, তবুও তারা সাহায্যের জন্য উপযুক্ত হবে। তেলের সাহায্যে হিটিং করে এমন পরিবার এই শীতকালে মোট 2,200 মার্কিন ডলারের বেশি সহায়তা পেতে পারে।

অস্থায়ী ও প্রতিবন্ধী সহায়তা অফিস (Office of Temporary and Disability Assistance) এর তত্ত্বাবধানে পরিচালিত HEAP শতভাগ ফেডারেল অর্থায়িত। জরুরি HEAP আবেদন জমা দিতে হবে সামাজিক সেবার স্থানীয় বিভাগে নিজে গিয়ে বা টেলিফোনে। কাউন্টি অনুযায়ী অফিসের একটি তালিকা পাওয়া যাবে এখানে।

এছাড়াও নিউ ইয়র্ক স্টেট নিম্ন আয়ের পরিবারগুলির জন্য অন্যান্য ধরনের হোম এনার্জি সহায়তা প্রদান করে যা তাদের শক্তির খরচ বাঁচাতে, তাদের বাড়ি উন্নত করতে ও অর্থ বাঁচাতে সাহায্য করে। নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA) এর মাধ্যমে, এম্পাওয়ার নিউ ইয়র্ক (EmPower New York) নিউ ইয়র্কের প্রায় 135,000 বাড়ির মালিক বা ভাড়াটিয়াদের বিনা খরচে দক্ষ শক্তির সমাধান প্রদান করে। আরো তথ্য এখানে উপলব্ধ|

নিউ ইয়র্ক স্টেট অস্থায়ী ও প্রতিবন্ধী সহায়তা অফিসের কমিশনার মাইক হেইন বলেন, "নিউ ইয়র্ক পরিবারগুলি শক্তি সঙ্কটে আছে এবং চরম ঠাণ্ডা ও তুষারপাতের সময় তাদের এমন পরিস্থিতিতে পড়া উচিত নয় যখন তাদেরকে তাদের বাড়ির হিটিং ও খাবার বা ঔষধের মতো অত্যাবশ্যকীয় প্রয়োজনের মধ্যে একটিকে বাছাই করতে হয়। এই শীতে সাংঘাতিক ঝুঁকিতে রয়েছে এমন পরিবারসমূহের জন্য এই অতি জরুরি সহায়তা প্রদান করার জন্য এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য আবেদনের সময় বৃদ্ধি করার জন্য আমি গভর্নর কুওমোর প্রশংসা করছি।"

নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর দ্য এজিং (Office for the Aging) এর পরিচালক গ্রেগ ওলসেন বলেন, "অতিরিক্ত এই HEAP সংস্থান নিম্ন আয়ের বয়স্ক নিউ ইয়র্কবাসী, যারা এই ঠাণ্ডা মৌসুমে তাদের হিটিং বিল দিতে পারছে না, তাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। হিটিং জরুরি অবস্থার জন্য অতিরিক্ত তহবিল থাকার ফলে এবং আবেদনের সময়কাল বৃদ্ধি করার ফলে আরো অনেক বয়স্ক মানুষ ও পরিবার এই শীতে উষ্ণ থাকতে পারবে। গভর্নর কুওমো ধারাবাহিকভাবে পরিবারগুলির জন্য কিছু না কিছু করে যাচ্ছেন এবং এই

সংস্থান প্রদানের ঘোষণা ইউটিলিটি বিচ্ছিন্ন হওয়া, জ্বালানি শেষ হওয়া এবং চুলার সাহায্য গরম করা বা গরম না করে থাকার মতো ঝুঁকিপূর্ণ আচরণের ঝুঁকি কমিয়ে দিবে।"

অ্যালিসিয়া বার্টন, প্রেসিডেন্ট ও সিইও, নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা এবং ডেভেলপমেন্ট অথরিটি, বলেছেন, "পুরো স্টেটের নিউ ইয়র্কবাসীরা খুব ভালো করেই জানে চরম আবহাওয়া ঘটনা তাদের বাড়িতে কী পরিমাণ শক্তির চাপ সৃষ্টি করতে পারে, এটি দ্বারা আমাদের সবথেকে বঞ্চিত পরিবারগুলিকে জলবায়ু পরিবর্তনের প্রভাব সংক্রান্ত ব্যাপারে সাহায্য করার ক্রমবর্ধমান প্রয়োজন স্পষ্ট হচ্ছে। গভর্নর কুওমোর নেতৃত্বাধীন, নিউ ইয়র্ক ব্যাপক এক গুচ্ছ কর্মসূচি প্রদান করছে, যেমন HEAP এবং এম্পাওয়ার নিউ ইয়র্ক, যাতে নিম্ন আয়ের বাসিন্দাদের শক্তি বাঁচাতে এবং তাদের বাড়িতে আবহাওয়ার সাথে খাপ খাইয়ে নিতে ও শক্তি দক্ষ উন্নয়ন করতে সাহায্য করা যায়।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন